

এসএসসি পরীক্ষা ও খাতা মূল্যায়নে অনিয়ম হলে কঠোর ব্যবস্থা: শিক্ষামন্ত্রী


ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৬ এপ্রিল ২০২৬, ২২:২১



শিক্ষামন্ত্রী ড. আন ম এহছানুল হক মিলন। ফাইল ছবি

আগামী এসএসসি ও সমমান পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সুনির্দিষ্ট নির্দেশনা দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আনম এছানুল হক মিলন। সোমবার (৬ এপ্রিল) ময়মনসিংহের টাউনহল মিলনায়তনে আয়োজিত এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি পরীক্ষার প্রস্তুতি ও খাতা মূল্যায়নের বিষয়ে সরকারের কঠোর অবস্থানের কথা জানান।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষামন্ত্রী ড. আনম এছানুল হক মিলন এদিন স্পষ্ট করে বলেন, আসন্ন পরীক্ষাগুলো সুষ্ঠুভাবে আয়োজনের পাশাপাশি উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে কোনো ধরনের আপস করা হবে না। যথাযথ নিয়ম অনুসরণ করে খাতা মূল্যায়নের জন্য তিনি পরীক্ষকদের প্রতি নির্দেশ প্রদান করেন।

উত্তরপত্র মূল্যায়নে কোনো ধরনের গাফিলতি বা অনিয়ম ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষকের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি দেন মন্ত্রী। তিনি মনে করেন, শিক্ষার্থীদের সঠিক মূল্যায়ন নিশ্চিত করতে স্বচ্ছতা বজায় রাখা অপরিহার্য।

ময়মনসিংহ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবদের নিয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট বোর্ডগুলোর প্রশাসনিক ও কৌশলগত নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

শহরাঞ্চলের শিক্ষা কার্যক্রম নিয়েও কথা বলেন শিক্ষামন্ত্রী। তিনি জানান, দেশের মেট্রোপলিটন এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে অনলাইন ও অফলাইন ক্লাস চালুর বিষয়ে সরকার কাজ করছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে প্রয়োজনীয় আলোচনা চলছে।

সার্বিক মতামতের ভিত্তিতে আগামী বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কাছে একটি আনুষ্ঠানিক প্রতিবেদন জমা দেওয়া হবে বলে জানান মন্ত্রী। প্রতিবেদনটি পর্যালোচনার পর এ বিষয়ে সরকারের পক্ষ থেকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

মতবিনিময় সভায় সাংবাদিকদের সাথে ঘটে যাওয়া একটি অনাকাঙ্ক্ষিত ঘটনার বিষয়েও কথা বলেন এছানুল হক মিলন। তিনি জানান, ওই ঘটনায় জড়িত শিক্ষকদের বিরুদ্ধে দ্রুত প্রয়োজনীয় ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী জোর দিয়ে বলেন, শিক্ষার পরিবেশ রক্ষা এবং শিক্ষক-শিক্ষার্থীদের শৃঙ্খলা বজায় রাখতে সরকার জিরো টলারেপ নীতি অনুসরণ করবে। একইসাথে পরীক্ষার প্রতিটি ধাপে স্বচ্ছতা নিশ্চিত করতে সব ধরনের মনিটরিং জোরদার করা হবে।